

বাংলাদেশ প্রতিদিন



MSS
Working for the People

মানবিক সাহায্য সংস্থা (এমএসএস) এ নিয়োগ বিজ্ঞপ্তি

MRA সনদ নং
০০১৫৫-০১০৩০-০০২৩০

মানবিক সাহায্য সংস্থা (এমএসএস) জাতীয় পর্যায়ে সৃষ্টিগত একটি স্বেচ্ছাসেবী উন্নয়ন সংস্থা যা ১৯৭৪ সাল থেকে প্রান্তিক মানুষের দারিদ্র বিমোচনসহ বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। বর্তমানে সংস্থার ১৫৭টি শাখার মাধ্যমে ক্ষুদ্রঋণ এবং মাঝারি ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কার্যক্রম চলমান রয়েছে। বিভিন্ন জেলায় সংস্থার ঋণ কর্মসূচি সম্প্রসারণের লক্ষ্যে জরুরী ভিত্তিতে নিম্নোক্ত পদে দক্ষ, স্ব, উদ্যমী এবং কর্মঠ প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

১) এরিয়া ম্যানেজার (ক্ষুদ্রঋণ)ঃ ১০ জন - যে কোন বিষয়ে স্নাতকোত্তর/সমমান পাশ। বয়স সর্বোচ্চ ৪২ বৎসর। MRA সনদ প্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে এরিয়া ব্যবস্থাপক পদে ন্যূনতম ১ বছরের অভিজ্ঞতা অথবা ব্রাঞ্চ ম্যানেজার পদে ন্যূনতম ৪ বছরের অভিজ্ঞতাসহ মাঠ পর্যায়ে ন্যূনতম ৮ বছর কাজের অভিজ্ঞতা এবং কমপক্ষে ৪টি ক্ষুদ্রঋণ শাখার কার্যক্রম সুপারভিশন ও মনিটরিং কাজের অভিজ্ঞতা থাকতে হবে। স্থায়ীকরণের পর মাসিক মোট বেতনঃ ৩৮,০০০ - ৪২,০০০ টাকা।

২) ব্রাঞ্চ ম্যানেজার (ক্ষুদ্রঋণ)ঃ ৫০ জন - যে কোন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পাশ। বয়স সর্বোচ্চ ৪০ বৎসর। MRA সনদ প্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে ঋণ পদে ন্যূনতম ১ বছর অভিজ্ঞতাসহ কমপক্ষে ০৫ বছর অথবা সহকারী শাখা ব্যবস্থাপক পদে শাখা পরিচালনায় ন্যূনতম ০৩ বছর অভিজ্ঞতাসহ কমপক্ষে ০৬ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। স্থায়ীকরণের পর মাসিক মোট বেতনঃ ৩৩,০০০ - ৩৬,০০০ টাকা।

৩) কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার (সিডিও)ঃ ২০০ জন - যে কোন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পাশ। বয়স সর্বোচ্চ ৩৫ বৎসর। MRA সনদ প্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে মাঠকর্মী পদে ন্যূনতম ০২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। স্থায়ীকরণের পর মাসিক মোট বেতনঃ ২১,৪০০ - ২৫,০০০ টাকা।

৪) শাখা হিসাবরক্ষকঃ ৫০ জন - বানিজ্য বিভাগে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পাশ। বয়স সর্বোচ্চ ৩২ বৎসর। মাসিক মোট বেতনঃ শিক্ষানবিশকালে প্রথম তিন মাস ১৪,০০০ - ১৫,০০০ টাকা, পরবর্তী তিন মাস ১৫,০০০ - ১৬,০০০ টাকা এবং স্থায়ীকরণের পর ১৯,৫০০ - ২০,৬০০ টাকা।

৫) ১, ২ ও ৩নং পদের জন্য অধিকতর দক্ষ, অভিজ্ঞ ও যোগ্য প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা: শিখিলযোগ্য এবং বেতন আলোচনা সাপেক্ষে।

অন্যান্য শর্তাবলীঃ (১) সকল পদে শিক্ষানবিশকাল ০৬ মাস, তবে কর্মক্ষেত্রে দক্ষতার ভিত্তিতে শিক্ষানবিশকাল হ্রাস/বৃদ্ধি করা হতে পারে (২) সকল পদের প্রার্থীকে সংস্থার যে কোন কর্মপ্রকল্পে কাজ করতে আহ্বান হতে হবে (৩) ১-৩নং পদের প্রার্থীদের শিক্ষানবিশকালে মাসিক বেতন প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে নির্ধারণ করা হবে (৪) ১-২নং পদের প্রার্থীদের বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মোটর সাইকেল চালানো বাধ্যতামূলক এবং ৩নং পদের প্রার্থীদের রাই-সাইকেল চালানোর মানসিকতা থাকতে হবে (৫) ০৩নং পদ ব্যতিত সকল পদের প্রার্থীর কম্পিউটারে ওয়ার্ড, এক্সেল, বাংলা ও ইংরেজি টাইপিং এবং ইন্টারনেট ব্যবহার জানা আবশ্যিক (৬) যোগদানের সময় ০১নং পদ ব্যতিত সকল পদের প্রার্থীর জন্য মা/বাবা/আপন ভাই/বোন/নিকটতম আত্মীয়কে (০২ জন) জামিনদার হিসাবে নিশ্চয়তা প্রদান করতে হবে (৭) চাকুরীতে যোগদানের সময় সংস্থার নিয়মানুযায়ী ২নং পদের প্রার্থীকে ১৫,০০০/- এবং ৩ ও ৪নং পদের প্রার্থীকে ১০,০০০/- টাকা জামানত হিসাবে প্রদান করতে হবে যা সংস্থা ত্যাগকালে সংস্থার প্রচলিত নিয়মানুযায়ী লভ্যাংশসহ ফেরৎ প্রদান করা হবে (৮) ফোন ভাতা, মোটর সাইকেল জ্বালানি ও রক্ষণাবেক্ষণ ভাতা ইত্যাদি মাসিক বেতনের অন্তর্ভুক্ত নয়।

অন্যান্য সুবিধাদিঃ উৎসব ভাতা, বার্ষিক ইনক্রিমেন্ট, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, কর্মী নিরাপত্তা তহবিল, মোটর সাইকেল জ্বালানি ও রক্ষণাবেক্ষণ ভাতা, মোবাইল ফোন ভাতা, চিকিৎসা অনুদান, মৃত্যু/দুর্ঘটনাজনিত (বীমা সুবিধার ন্যায়) আর্থিক সহায়তা ও সন্তানদের জন্য শিক্ষা বৃত্তি, রাই-সাইকেল/মোটর সাইকেল ক্রয় বাবদ সুদবিহীন ঋণ সুবিধাসহ সংস্থার বিধি মোতাবেক অন্যান্য সুবিধা প্রযোজ্য হবে।

আবেদনের নিয়মাবলীঃ আগ্রহী প্রার্থীকে ২২/০১/২০২৩ইং তারিখের মধ্যে পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ সকল প্রাতিষ্ঠানিক শিক্ষার সনদপত্র ও জাতীয় পরিচয় পত্রের/জন্ম নিবন্ধন সনদের ফটোকপি, বর্তমান/সর্বশেষ কর্মরত প্রতিষ্ঠানের আইডি কার্ডের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং সদ্য তোলা এক কপি পাসপোর্ট সাইজ রঙীন ছবিসহ “নির্বাহী পরিচালক, মানবিক সাহায্য সংস্থা (এমএসএস), সেন্টার (৪র্থ তলা), ২৯, পশ্চিম পাহাড়, ঢাকা-১২০৫” বরাবর আবেদন করতে হবে যা সরাসরি হাতে হাতে/ডাক/কুরিয়ারযোগে পাঠাতে হবে। আবেদন পত্র এক খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

এমএসএস নিজস্ব অফিস ব্যতীত অন্য কোন মাধ্যমে (বিকাশ, রকেট ও নগদ ইত্যাদি) আর্থিক লেনদেন করে না। নিয়োগ প্রত্যাশী প্রার্থী থেকে কোন প্রত্যরক চক্র অন্য কোন মাধ্যমে টাকা দাবী করলে না দেওয়ার জন্য সংস্থা কর্তৃক অনুরোধ করা হলো। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য নির্বাচনী পরীক্ষার তারিখ, সময় ও স্থান SMS/মোবাইল ফোনের মাধ্যমে জানানো হবে। চাকুরীর জন্য কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে। এমএসএস কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধন/সংযোজনসহ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। এমএসএস নারীদের সম-সুযোগ প্রদান করে।

এই নিয়োগ বিজ্ঞপ্তি সংস্থার ওয়েব সাইট www.mssbd.org/career এ পাওয়া যাবে।